

নং : ২০১৭-০২

**বিষয়ঃ ইনোভেশন টিমের সভা প্রসংগে।**

করপোরেশনের অফিস নির্দেশ নং এসপিসিবি/প্রশা:/পার্সো:/০৪/২০১৭-২৪০ তারিখ ১৪/১১/১৭ এর আলোকে গঠিত ইনোভেশন টিম এর একটি সভা অদ্য ১৪/০৩/২০১৮ইং তারিখে মহাব্যবস্থাপক (প্রশাসন) এর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। ইনোভেশন টিমের বিগত ২৯/১১/১৭ তারিখে প্রথম সভায় প্রণয়নকৃত খসড়া পরিকল্পনা সংশোধনীসহ ম্যানেজমেন্ট কমিটির ০১/০৩/১৮ তারিখের ১৬২ তম সভায় গৃহীত এবং ০৮/০৩/১৮ তারিখে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত হয়; অনুমোদিত উদ্ভাবনী পরিকল্পনা সভায় উপস্থাপন করা হয়। সভায় অনুমোদিত উদ্ভাবনী পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় নিম্নোক্ত তথ্যাদি পাওয়া যায়:

- ১) নিজ অফিসের সেবা সহজীকরণ অথবা সেবায় ইনোভেশন, ই-সেবা ও ই-ফাইলিং বাস্তবায়নকাল অনুযায়ী বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মো: কালিমুল্লা, মহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়) ও টীম লিডার (ই-সার্ভিস) মহোদয়কে অনুরোধ জানিয়ে নথি উপস্থাপন করা হয়েছে।
  - ২) আইডিয়া ম্যানেজমেন্ট ও স্কেলআপ বাস্তবায়ন ও ট্রেনিং কার্যক্রম বাস্তবায়নকাল অনুযায়ী বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মো: নজরুল ইসলাম, মহাব্যবস্থাপক (প্রশাসন) ও ইনোভেশন অফিসার মহোদয়কে অনুরোধ জানিয়ে নথি উপস্থাপন করা হয়েছে।
  - ৩) ইনোভেটরদের আর্থিক সহায়তা প্রদান এবং পুরস্কার প্রদান কার্যক্রম বাস্তবায়নকাল অনুযায়ী বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এহতেশামুল করিম, মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) মহোদয়কে অনুরোধ জানিয়ে নথি উপস্থাপন করা হয়েছে।
  - ৪) সোস্যাল মিডিয়ার ব্যবহার কার্যক্রম বাস্তবায়নকাল অনুযায়ী বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জহরুল ইসলাম, ব্যবস্থাপক (ব্যপস) মহোদয়কে অনুরোধ জানিয়ে নথি উপস্থাপন করা হয়েছে।
  - ৫) পার্টনারশিপ ও নেটওয়ার্কিং এর আওতায় নিম্নোক্ত প্রতিষ্ঠানসমূহের ইনোভেশন টিমের সাথে সেবা পদ্ধতি সহজীকরণ, প্রশিক্ষণ, ই-ফাইলিং, ইনোভেশন ইত্যাদি বিষয়ে এ করপোরেশনের ইনোভেশন টিমের যোগাযোগ ও সহযোগিতা প্রদানের অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হয়েছে।
- ক) বাংলাদেশ অর্ডিন্যান্স ফ্যাক্টরীজ।  
খ) বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরী।  
গ) বাংলাদেশ খান গবেষণা ইনস্টিটিউট  
ঘ) বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার উপরোক্ত তথ্যাদি ইনোভেশন টিমের কার্যপরিধির ৪.৩ অনুযায়ী পরবর্তি মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া ইনোভেশন টিমের পরবর্তি মাসিক সভায় কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি হালনাগাদ তথ্যাদি উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ কবির উদ্দিন)  
সহকারী ব্যবস্থাপক (আইটি)

(কামাল আহমেদ)  
ব্যবস্থাপক (আইটি)

(মো: নজরুল ইসলাম)  
ইনোভেশন অফিসার ও  
মহাব্যবস্থাপক (প্রশাসন)